| দি রোজ ড্রেসেস লিঃ<br>ইসলাম গার্মেন্টস লিঃ<br>ইসলাম ড্রেসেস লিঃ | ব্যবসায়িক নীতি ও আচরন বিধি সংক্রান্ত নীতিমালা<br>**(Business Ethics & Code of Conduct Policy)** | | |
|---|---|---|---|
| মোট পৃষ্ঠা - ০৩ | কার্যকরের তারিখ<br>৩১.০১.২০১১ | সর্বশেষ নবায়নের তারিখ<br>২.০১.২০২১ | পরবর্তী নবায়নের তারিখ<br>০২.০১.২০২২ |

**পরিধিঃ** এই নীতিমালা ইসলাম গার্মেন্টস এন্ড গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ এর সকল কর্মকর্তা ,কর্মচারী ও শ্রমিক সহ বোর্ড অব ডিরেক্টর এর অন্যান্য সদস্যের জন্যও একইভাবে প্রযোজ্য। তথ্যের প্রয়োজনীয়তা অনুসারে এই নীতিমালা ইসলাম গার্মেন্টস এন্ড গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ এর জন্য প্রযোজ্য। এই নীতিমালা প্রযোজ্য হবে ব্যবসায়িক নীতি ও আচরন বিধি সংক্রান্ত নীতিমালা হিসাবে এটা ইসলাম গার্মেন্টস এন্ড গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ এর জন্য খুবই গুরুত্বপূর্ণ।

ব্যবসায়িক নীতি ও আচরন বিধি সংক্রান্ত নীতিমালার সূচীপত্র


| ক্রমিক নং | বিষয়বস্তু | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | ভূমিকা | ২ |
| ২ | নীতিমালার পরিধি | ২ |
| ৩ | পলিসি পোষ্টেড | ২ |
| ৪ | অত্র কারখানায় নিম্নলিখিত ব্যাবসায় নীতি ও আচরনবিধিগুলো অনুসরণ করা হয়ে থাকে | ২-৩ |
| ১৫ | উপসংহার | ৩ |


| অবদানকারী | নাম | পদবী | যোগাযোগের মাধ্যম |
|---|---|---|---|
| অনুমোদনকারী | কোম্পানী পরিচালনা পর্যদ | | |
| ইস্যুকারী | কোম্পানী পরিচালনা পর্যদ | | |
| কর্তৃপক্ষ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মনোয়ার সালেহিন, এনডিসি,পিএসসি(অব:) | নির্বাহী পরিচালক | monwar.salehin@islam-garments.com |

| যে সব নথিপত্রের সহায়তা নেয়া হয়েছে |
|---|
| বাংলাদেশ শ্রম আইন ২০০৬ সংশোধনীসহ |
| বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ |
| কারখানার ব্যবসায়িক আচারণ বিধি ও নৈতিকতা |
| সরবরাহকারীর নৈতিকতা বিধি |

## ভূমিকা ঃ

অত্র কারখানায় ব্যবসা পরিচালনার ক্ষেত্রে রাষ্ট্রের আইন, পরিবেশ আইন, শ্রম আইন, ILO Convention ও ক্রেতা সাধারনের আচরন বিধি অনুসরন করে কার্য করে থাকে। কারখানা কর্তৃপক্ষ তার ব্যবসায়িক নীতি ও আচরন বিধির ব্যাপারে যথেষ্ট আন্তরিক ও সচেতন। তাই ব্যবসায়িক নীতি ও আচরন বিধি সংক্রান্ত একটি লিখিত নীতিমালা রয়েছে। এ নীতিমালাটি বাংলাদেশ শ্রম আইন-২০০৬ , বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫, আইএলও কনভেনশন এবং ক্রেতার আচরনবিধির আলোকে তৈরী।

## নীতিমালার পরিধি ঃ

ব্যবসায়িক নীতি ও আচরন বিধি সংক্রান্ত নীতিমালাটি শুধুমাত্র কারখানায় কর্মরত শ্রমিক কর্মচারীদের ক্ষেত্রেই প্রযোজ্য নয়, বরঞ্চ ইহা কারখানায় আগত সকল দর্শনাথী, ক্রেতা, ব্যবসায়িক সহযোগী, বিভিন্ন পন্য সরবরাহকারী, সেবা প্রদানকারী ব্যক্তি নির্বিশেষে সকলের জন্য প্রযোজ্য।

## পলিসি পোষ্টেড ঃ

অত্র কারখানার বিভিন্ন জায়গায় যেখানে শ্রমিকের দৃষ্টিগোচর হয় এমন সুবিধা জনক স্থানে ব্যাবসায় নীতি (Business Ethics & COC) সম্পর্কিত পলিসি বা নীতিমালা প্রদর্শিত অবস্থায় রয়েছে। যেন এতে অত্র কারখানার ম্যানেজমেন্ট বা যারা শ্রমিক সুপারভিশন করে তারা ব্যাবসায় নীতি (Business Ethics) সম্পর্কে জানতে পারে এবং সচেতন হতে পারে।

## অত্র কারখানায় নিম্নলিখিত ব্যাবসায় নীতি গুলো অনুসরণ করা হয়ে থাকেঃ

১. অত্র কারখানায় শিশু শ্রমিক নিয়োগ করা হয় না।

২. শ্রমিক কর্মচারীদেরকে দিয়ে দৈনিক ৮ ঘন্টার বেশী কাজ করানো হয় না, তবে অধিকাল কর্ম (ওভার টাইম) সহ দৈনিক সর্বোচ্চ ১০ ঘন্টা পর্যন্ত কাজ করাতে পারবে এবং সপ্তাহে ৪৮ ঘন্টার অধিক সময় কাজ করানো হয় না, তবে অধিকাল কর্ম সহ সপ্তাহে ৬০ ঘন্টার অধিক কাজ করানো হয় না এবং কোন বৎসরে উহা গড়ে প্রতি সপ্তাহে ৫৬ ঘন্টার অধিক হবে না।

৩. প্রত্যেক শ্রমিক/কর্মচারী কে তার যেকোন পাওনা এবং কোন অধিকার থেকে বঞ্চিত করা হয় না।

৪. অত্র কারখানায় সকল ধরনের বৈষম্য পরিহার করে কারখানা কর্তৃপক্ষ উৎপাদন ও প্রশাসনিক কর্মকান্ড পরিচালনা করে। নারী, পুরুষ, ধর্ম, বর্ণ, গোত্র, জাতি রাজনৈতিক মতামত, বয়স, বংশ, শারিরিক অক্ষমতা, মরনঘাতি ব্যাধি যেমন, এইচ আইভি, এইডস, আঞ্চলিকতা, এবং ভাষাগত পার্থক্য, গর্ভবতী / মাতৃত্বজনিত কারনে, সংগঠনের সদস্য, জাতীয়তা বা বিদেশী অভিবাসিদের ক্ষেত্রে, মজুরী ও পদোন্নতীর ক্ষেত্রে, কাজের পরিস্থিতিতে, শৃংখলা ও চাকরির অবসানের ক্ষেত্রে। এ ছাড়াও নিয়োগের ক্ষেত্রে, প্রশিক্ষণ , দক্ষতা, শিক্ষাগত যোগ্যতা, মেধা, কর্মদক্ষতা , ইনসেন্টিভ , কোন ক্ষতিপূরন প্রদানের ক্ষেত্রে, বাৎসরিক ইনক্রিমেন্ট, ছুটি, অধিকাল কর্ম (OT), চিকিৎস্যার ক্ষেত্রে সকল ধরনের বৈষম্যরোধ কল্পে অত্র কারখানা কর্তৃপক্ষ সর্বদা কার্যকর ভূমিকা পালন করে। এ ছাড়াও বৈবাহিক অবস্থা কিংবা পারিবারিক দায়িত্ববোধ সম্পর্কিত কোন ধরনের প্রত্যক্ষ বা পরোক্ষ বৈষম্য কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হবে না।

৫. মহিলা শ্রমিক/কর্মচারী দিয়ে ঝুকিপূর্ন কাজে এবং গর্ভবর্তী মহিলাদের দিয়ে কেমিকেল বা শরীরের কোন ক্ষতি করে এমন কাজ না করানো।

৬. কোন মহিলা শ্রমিক/কর্মচারী কে তার বিনা অনুমতিতে কারখানায় রাত ১০ ঘটিকা হতে ভোর ৬ ঘটিকা সময়ের মধ্যে কোন কাজ করতে দেয়া হয় না।

৭. প্রত্যেক শ্রমিক/কর্মচারী কে প্রত্যেক সপ্তাহে ১ দিন বাধ্যতামূলক সাপ্তাহিক ছুটি প্রদান করা এবং তার যেকোন পাওনা ছুটি থেকে বঞ্চিত না করা।

৮. আচার আচরণ সম্ভাষণ ও কথাবার্তায় ভদ্রোচিত রীতি মেনে চলা।

৯. নারী পুরুষ নির্বিশেষে সকল শ্রমিক/কর্মচারী সংশ্লিষ্ট পদের জন্য যোগ্য হিসাবে নিয়োগ প্রদান ও তদনুযায়ী মর্যাদা, মূল্যায়িত করা।

১০. কর্মক্ষেত্রে সকলেই সহকর্মী, আত্মীয়মূলক সম্পর্কের কোন অবকাশ এখানে নেই এই মর্মবানী মনে রেখে কর্মী সম্পর্ক গড়ে তোলা ও তদনুযায়ী আচরণ করা।

১১. সকল শ্রমিক/কর্মচারীদের সাথে সহকর্মীমূলক সম্পর্ক নিশ্চিত করা।

১২. স্থানীয়ভাবে গ্রহনযোগ্য পোশাক পরিধান করা।

১৩. অন্য ধর্মাবলম্বীর কাছে অগ্রহনযোগ্য খাবার পরিবেশন না করা।

১৪. অশালীন শব্দ প্রয়োগ, অংগভংগি দ্বারা শ্রমিক/কর্মচারী কে শাসন ও চিৎকার না করা।

১৫. শ্রমিক/কর্মকর্তাদের মধ্যে গড়ে ওঠা অনৈতিক সম্পর্ক যা কারখানার ভাবমূর্তি ক্ষুন্ন করে তা সাথে সাথে নিরসনের ব্যবস্থা নেওয়া।

১৬. কারখানায় ব্যক্তিগত বিষয় নিয়ে অতি উৎসাহী ও অনুসন্ধিৎসু মনোভাব পরিহার করা।

১৭. নারী ও পুরুষ শ্রমিক/কর্মচারী একে অন্যের টয়লেট ব্যবহার না করা।

১৮. কোনভাবেই বিনা অনুমতিতে কাজের অজুহাতে বিপরীত লিংগের কারও শরীরে স্পর্শ না করা।

১৯. নারী শ্রমিক/কর্মচারীদের অতিথি আপ্যায়নের কাজে নিরুৎসাহিত করা।

২০. ঝুকিপূর্ন কাজে শ্রমিকদের নিরাপত্তার বিষয়টি বিবেচনায় রাখা এবং তদনুযায়ী ব্যবস্থা নেওয়া।

২১. কেউ হয়রানির শিকার হলে সাথে সাথে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানোর ব্যবস্থা করা।

২২. শ্রমিক/কর্মচারী দের অগোচরে সমালোচনা পরিহার করা এবং কুৎসা রটনা না করা।

২৩. কোন শ্রমিক/কর্মচারী কারো সাথে স্বেচ্ছায় ব্যক্তিগত সম্পর্ক গড়ে তুললে পরবর্তীকালের ভালমন্দের দায়িত্ব সংশ্লিষ্ট শ্রমিক/কর্মচারীর গ্রহন করা এবং এ ব্যাপারকে কেন্দ্র করে কারখানার কর্মপরিবেশ বিঘ্নিত না করা।

২৪. শ্রমিক/কর্মচারী কে অপমান না করা, প্রয়োজনে নিয়মানুযায়ী ব্যবস্থা নেওয়া।

২৫. পরিকল্পিতভাবে শ্রমিক/কর্মচারী কে ডেকে নিয়ে অযথা অফিস রুমে বা কাহারো ব্যক্তিগত কক্ষে দীর্ঘ সময় বসিয়ে না রাখা।

২৬. অতিথি এলে সৌজন্যমূলক আচরণ করা।

২৭. শ্রমিক/কর্মচারী দেরকে দিয়ে ব্যক্তিগত কোন কাজ না করানো।

২৮. যেকোন ধরনের মোসাহেবী বা তোষামোদ থেকে বিরত থাকা।

২৯. সম্প্রদায়, অঞ্চল, আত্মীয় সম্পর্ক ইত্যাদির ভিত্তিতে বিভেদ সৃষ্টি না করা।

৩০. কোন অজুহাতেই অধীনস্থ সহকর্মীর নিকট থেকে টাকা ধার নেওয়া নিরুৎসাহিত করা।

৩১. তদন্ত কাজে বা সাক্ষ্য প্রদানে নিরপেক্ষ থাকা।

৩২. যেকোন অভিযোগ, সুপারিশ ও গৃহিত ব্যবস্থার লিখিত দলিল রাখা।

৩৩. কোন শ্রমিক/কর্মচারীর ব্যক্তিগত কোন সংবাদ এলে তা তাকে যথাশীঘ্র অবহিত করা।

৩৪. কারখানায় মাসে অন্তত একবার কর্মপরিবেশ নিয়ে মিটিং করা।

৩৫. ছুটির দিন এবং অফিস সময়ের বাইরে শ্রমিক/কর্মচারীদের অফিসে না ডাকা।

৩৬. কারখানার নীতিমালা, জারিকৃত সার্কুলার সিদ্ধান্ত সমূহ শ্রমিক/কর্মচারী দেরকে তাৎক্ষণিকভাবে অবগত করা।

৩৭. ব্যক্তিগত সুবিধা অর্জনের জন্য ন্যাস্ত ক্ষমতাকে অপব্যবহার না করা।

৩৮. কোন ধরনের ঘুষ , উপহার ইত্যাদি গ্রহণ থেকে বিরত থাকা।

**উপসংহার ঃ**

উপরের আলোচনার পরিশেষে বলা যায় যে, উক্ত ব্যবসায়িক নীতি ও আচরনবিধি নীতিমালাটি অত্র কারখানার জন্য বেশ গুরুত্বপূর্ন। অত্র কারখানা কর্তৃপক্ষ এ নীতিমালা সঠিক প্রয়োগের জন্য যথেষ্ট সোচ্চার তাই আমরা প্রত্যেকেই এ নীতিমালা মেনে চলব । সময়ের পরিবর্তনে এ নীতিমালা পরিবর্তনের সুযোগ থাকবে।

**M M SALEHIN**
Executive Director
Islam Dresses Ltd.
Jamgora, Ashulia, Savar, Dhaka.

ISLAM GARMENTS LIMITED Date:

THE ROSE DRESSES LIMITED Date

ISLAM DRESSES LIMITED Date: